

যুগান্তর

দৈনিক যুগান্তর, ২০১৯-০৪-১০, পৃ- ০৩, ০৭



ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটি প্রাঙ্গণে মঙ্গলবার পরিচ্ছন্নতা অভিযান উদ্বোধন করছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র আতিকুল ইসলাম

ইস্ট-ওয়েস্টে মেয়র আতিক শিক্ষার্থীদের কাছে অনেক কিছু শিখছি

যুগান্তর রিপোর্ট

ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির শিক্ষার্থীদের নিয়ে পরিচ্ছন্নতা কর্মসূচি পালন করলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র মো. আতিকুল ইসলাম। মঙ্গলবার রাজধানীর আফতাবনগরে ইস্টনিভার্সিটির ক্যাম্পাসে বেলা ১১টায় এ অভিযান পরিচালনা করা হয়।

ডিএনসিসি মেয়র বলেন, আমরা শিক্ষার্থীদের কাছ থেকে অনেক কিছু শিখছি। শিক্ষার্থীরা আঙ্গুল দিয়ে দেখিয়ে দিচ্ছে কোনটা সঠিক, কোনটা সঠিক নয়। নিরাপদ সড়ক, নিরাপদ শহর বিনির্মাণে শিক্ষার্থীরাই পারবে জনসচেতনতা তৈরি করতে। এ সময় মেয়র ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির সামনের প্রধান সড়কে (প্রগতি সরণি)

■ পৃষ্ঠা ৭ : কলাম ৩

শিক্ষার্থীদের কাছে অনেক (৩য় পৃষ্ঠার পর)

দ্রুততম সময়ে একটি ফুটওভার ব্রিজ নির্মাণের প্রতিশ্রুতি দান করেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন স্থানীয় সংসদ সদস্য একেএম রহমতুল্লাহ এমপি, ইস্ট-ওয়েস্ট ইউনিভার্সিটির ভিসি অধ্যাপক এমএম শহিদুল হাসান, ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের সভাপতি সৈয়দ মঞ্জুর এলাহী, প্রধান উপদেষ্টা ড. মোহাম্মদ ফরাসউদ্দিন প্রমুখ।

